তারিখ 24 SEP 2016
পৃষ্ঠা ২ কলাম ৫

দৈনিক
ইত্তেফাক

# ঢাবি খ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

## বিসিএসের প্রশ্নের সঙ্গে আংশিক মিল

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষে অনার্স প্রথম বর্ষের খ ইউনিটের ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়েছে। তবে পরীক্ষার প্রশ্নপত্রের একটি অংশ বিসিএস পরীক্ষার প্রশ্নপত্রের সাথে মিলে যাওয়ায় বিস্ময় ও ক্ষোভ প্রকাশ করেছেন অনেক ভর্তিচ্ছু।

জানা যায়, গতকাল খ ইউনিটের ২ হাজার ২৪১টি আসনের বিপরীতে ৩৪ হাজার ৬০৬ জন ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস ও ক্যাম্পাসের বাইরের ৭৩টি কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করে। এ পরীক্ষার প্রশ্নপত্রের সঙ্গে ২১তম বিসিএস এর প্রশ্নপত্রের একটি বড় অংশ হুবহু মিলে গেছে। পৃষ্ঠা ১৯ কলাম ৫

### ঢাবি খ

প্রথম পৃষ্ঠার পর

'জেনারেল ইংলিশ' প্রশ্নের 'প্যাসেজ' ও 'মাল্টিপল কোয়েশ্চেন' অংশে এ সাদৃশ্য দেখা যায়। অনেক শিক্ষার্থী এবং কয়েকজন এ ঘটনায় বিস্ময় প্রকাশ করে প্রশ্নপত্র তৈরির সাথে জড়িতদের দায়িত্বশীলতা নিয়ে প্রশ্ন তুলেছেন।

এদিকে ঢাকার বাইরে থেকে অনেক শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে এসে বিশ্রামের সুযোগ না পেয়ে পরীক্ষায় মেধার কাঙ্ক্ষিত ছাপ রাখতে পারেনি বলে জানিয়েছেন। পরীক্ষা প্রসঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে খ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।